

বটিয়াঘাটা উপজেলায় জুন/২৩ মাসের শুদ্ধাচার বিষয়ে অংশীজনের অংশগ্রহণে মর্ন্তর্কিনময়
সভার কার্যবিবরণী:

সভাপতি: জন্মাব নবনীতা দত্ত
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,
বটিয়াঘাটা, খুলনা।
সভার তারিখ: ২৫/০৬/২০২৩ খ্রি:
সভার স্থান: উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়।


সভার উপস্থিত সদস্যদের স্বাক্ষর চাক্ষুরা শিটে সংরক্ষিত আছে।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জন্মাব নবনীতা দত্ত, সদস্য সচিব অফিস
সহকারী অঞ্জনা বিশ্বাসকে সভার কাজ শুরু করতে বলেন। সভাপতি সভার উপস্থিত সকল সদস্যদের ধন্যবাদ জ্ঞাপন
করেন।

সভাপতি মহোদয় বলেন যে, অফিসে কাজ করার ক্ষেত্রে কোন সমস্যা আছে কিনা এবং অফিসের কাজের মান
উন্নয়নের জন্য কারও কোন পরামর্শ থাকলে দেয়ার জন্য অনুরোধ করেন।

সভাপতি আরও বলেন যে অফিসে পরস্পর পরস্পরকে সম্মান দিয়ে কথা বলা, পরস্পরের সহনুভূতি বজায়
রাখা সকলের কর্তব্য। তিনি অফিসে সময় অনুযায়ী থাকার জন্য সকলকে নির্দেশনা প্রদান করেন। অফিসের কাইল
এবং ডকুমেন্ট গুলো সুবিন্যস্ত ভাবে গুছিয়ে রাখা। অফিস কক্ষ এবং অফিস বারান্দা, বাথরুম, ট্রেনিং সেন্টার পরিষ্কার
পরিচ্ছন্ন রাখার জন্য সকলকে দৃষ্টি দিতে বলেন। কোন সেবা গ্রহীতা আসলে তৎক্ষণাৎ তাকে সেবা দেয়া, পরামর্শ দেয়া
এবং তার সাথে ভাল ব্যবহার করে কথা বলা। সমিতির সভানেত্রীদের বলেন যে, তারা যেন এলাকার নারীদের
সামাজিক অর্থনৈতিক উন্নয়ন এবং বাল্য বিবাহ বন্ধের জন্য সবসময় কাজ করবেন। ভিত্তিউবি ও মাতৃত্ব এনজিও
প্রতিনিধিরা বলেন যে, ভাতাভোগী উপকারভোগীরা যেন কোন ভাবেই হয়রানির শিকার না হন সঠিক নিয়মে তাদের
প্রশিক্ষণ দেয়ার কথা বলেন। উপস্থিত সদস্যগণ মাঠ পর্যায়ে/অফিসে কাজ করার সময় যদি কোন সমস্যার সন্মুখীন হয়
তবে তা তাৎক্ষণিক আলোচনার মাধ্যমে সচেষ্ট হতে বলেন। কিশোর-কিশোরী ক্লাবের জেতার প্রমোটার, অন্যান্য
শিক্ষকবৃন্দ যথাসময়ে ক্লাবে উপস্থিত থাকা এবং বাল্যবিবাহ প্রতিরোধে কাজ করা।

সর্বোপরি পারস্পারিক সম্মান বজায় রেখে কাজ করা অত্র দপ্তরের সুনাম অক্ষুণ্ন রাখার জন্য সকলকে ধন্যবাদ
জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।


নবনীতা দত্ত

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
বটিয়াঘাটা, খুলনা।